দৈনিক ইত্তেফাক

তারিখ AUG. 09 1999 পৃঃ ৩ কলাম ৪

26

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে সংঘর্ষ ॥ আহত ৩

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ গত শনিবার ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগের ছত্রচ্ছায়ায় থাকা বহিরাগত দুইটি গ্রুপের মধ্যে সংঘর্ষে অন্ততঃ তিনজন

( ১২শ পৃঃ দ্রষ্টব্য )

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে

( ৩য় পৃঃ পর )

আহত হয়। পূর্ব ঘটনার জের ধরিয়া এই সংঘর্ষ চলাকালে ক্যাম্পাসে আতঙ্ক ছড়াইয়া পড়ে। পরে নেতাদের হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হয়। তবে ইহা নিয়া বড় ধরনের সংঘর্ষের আশঙ্কা রহিয়াছে। বর্তমানে বিশ্ববিদ্যালয় এলাকায় রাজনৈতিক তৎপরতার উপর অনির্দিষ্টকালের নিষেধাজ্ঞা থাকিলেও প্রতিদিন ছাত্র সংগঠনগুলি বহিরাগতদের নিয়া মিছিল-সমাবেশ করিতেছে। ভিসি প্রফেসর কায়েসউদ্দীন ক্যাম্পাসে আইন-শৃংখলা পরিস্থিতি রক্ষায় কঠোর ব্যবস্থা গ্রহণের কথা উল্লেখ করিলেও বাস্তবে উহা চোখে পড়ে না।